

মন্ত্রিপরিষদ (প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়)
উপসচিব (নিকার ও উন্নয়ন সমন্বয়)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
www.cabinet.gov.bd
তারিখ: ২/১/২০১৫

এর দস্তাবেজ
মন্ত্রিপরিষদ বিভাগ
অতিরিক্ত সচিব (সংস্কার)
অতিরিক্ত সচিব (সমন্বয়)
একান্ত সচিব
ব্যক্তিগত কর্মকর্তা
ডায়েরী নং
তারিখ ০৪/০১/১৫

১৭-পৌষ ১৪২২  
৩১ ডিসেম্বর ২০১৫

## পরিপত্র

**বিষয়:** সরকারি প্রতিষ্ঠানসমূহের নিজেদের মধ্যে মামলা পরিহারের লক্ষ্যে করণীয় নির্ধারণ বিষয়ক নির্দেশাবলি।

**সূত্র:** প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নম্বর ০৩.০৬৯.০০৪.০২.০০.০১২.২০১৫-২১২, তারিখ: ২৯ আশ্বিন ১৪২২/১৪ অক্টোবর ২০১৫

বিভিন্ন সময়ে সরকারি প্রতিষ্ঠানসমূহের নিজেদের মধ্যে মামলার উদ্ভব হয়। এ সকল মামলার কারণে সরকারের অনেক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ও কর্মসূচি বাস্তবায়ন বাধাগ্রস্ত এবং সরকারি অর্থের অপচয় হয়। এ ধরনের পরিস্থিতিতে আন্তঃপ্রতিষ্ঠান বিরোধ নিষ্পত্তি এবং নিজেদের মধ্যে মামলা পরিহারের লক্ষ্যে যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য সরকার দুটি কমিটি গঠন করেছেন যা নিম্নরূপ:

- ১। আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি
- ২। আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি

### ২। আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি:

#### (ক) কমিটির গঠন:

- (১) সচিব (সমন্বয় ও সংস্কার) মন্ত্রিপরিষদ বিভাগ -আস্থায়ক
- (২) যে সকল মন্ত্রণালয়ের মধ্যকার বিরোধ-নিষ্পত্তি করা প্রয়োজন সে সকল মন্ত্রণালয়ের সচিব বা তাঁর প্রতিনিধি -সদস্য
- (৩) সচিব, আইন ও বিচার বিভাগ -সদস্য
- (৪) প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিনিধি (মহাপরিচালক পর্যায়ের) -সদস্য
- (৫) যুগ্মসচিব (সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ -সদস্য-সচিব

(খ) কমিটি প্রয়োজনে আরও সদস্য কো-অপ্ট এবং বিশেষজ্ঞ মতামত গ্রহণ করতে পারবে।

#### (গ) কমিটির কার্যপরিধি:

কমিটি একাধিক প্রতিষ্ঠানের পরস্পরবিরোধী অবস্থানের ক্ষেত্রে আদালতে মামলা না করে আলোচনার মাধ্যমে বিরোধ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

(ঘ) উক্ত কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে সংস্কৃদ্ধ পক্ষগণ 'আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'তে আপিল করতে পারবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৩

৩। আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি:

(ক) কমিটির গঠন:

- |   |         |
|---|---------|
| (১) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়                                       | -সভাপতি |
| (২) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী/প্রতিমন্ত্রী | -সদস্য  |
| (৩) মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়                   | -সদস্য  |

(খ) সহায়তাকারী কর্মকর্তা

- (১) মন্ত্রিপরিষদ সচিব
- (২) মুখ্যসচিব/প্রধানমন্ত্রীর সচিব
- (৩) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়
- (৪) সচিব, আইন ও বিচার বিভাগ
- (৫) সচিব (সমন্বয় ও সংস্কার)-মন্ত্রিপরিষদ বিভাগ

(গ) কমিটির সভাপতির নিজ মন্ত্রণালয়/বিভাগ কোন মামলার পক্ষ হলে এ কমিটির সদস্য হিসাবে নিয়োজিত পরবর্তী জ্যেষ্ঠ মন্ত্রী কমিটির সভাপতির দায়িত্ব পালন করবেন।

(ঘ) কমিটির কার্যপরিধি:

'আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি'র সিদ্ধান্তের বিরুদ্ধে সংশ্লিষ্ট পক্ষগণ 'আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র নিকট আপিল দায়ের করতে পারবে। মন্ত্রিসভা কমিটি উক্ত আপিল নিষ্পত্তি করবে এবং এই কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ 'আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'কে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৪। কর্মপদ্ধতি:

সরকারি প্রতিষ্ঠানসমূহের মধ্যে মতানৈক্য হলে রাষ্ট্রের নির্বাহী কাঠামোর মধ্যে সমাধান করতে হবে। উপজেলা পর্যায়ে বা অনুরূপ পর্যায়ে দুটি দপ্তরের মধ্যে বিরোধ দেখা দিলে সংশ্লিষ্ট দপ্তর প্রধানদ্বয় আলাপ-আলোচনার মাধ্যমে তার নিষ্পত্তি করবে। এ পর্যায়ে বিরোধ নিষ্পত্তি সম্ভব না হলে জেলা কিংবা অনুরূপ পর্যায়ে আলাপ-আলোচনার মাধ্যমে সমস্যার নিরসন করতে হবে। তাতেও সমাধান সম্ভব না হলে অধিদপ্তর/সংস্থা পর্যায়ে সভা করে বিরোধ নিষ্পত্তি করতে হবে। অধিদপ্তর/সংস্থা বিরোধ নিষ্পত্তিতে ব্যর্থ হলে মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে তা সমাধানের উদ্যোগ নিতে হবে। মন্ত্রণালয়/বিভাগ বিরোধ নিষ্পত্তি করতে না পারলে বিষয়টি নিষ্পত্তির জন্য 'আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি'তে উপস্থাপন করতে হবে। 'আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি' কর্তৃক কোনো বিবদমান বিষয়ের নিষ্পত্তি করা সম্ভব না হলে সেটি 'আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'তে প্রেরণ করতে হবে।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩১.১২.২০১৮  
(মোহাম্মদ শফিউল আলম)  
মন্ত্রিপরিষদ সচিব

বিতরণ:

- ১। মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব

----- মন্ত্রণালয়/বিভাগ।